দৈনিক ইত্তেফাক

তারিখ [illegible]
পৃষ্ঠা ৩ কলাম ৪

## শিক্ষক সমিতির স্মারকলিপি পেশ

(ইত্তেফাক রিপোর্ট)

বাংলাদেশ শিক্ষক সমিতি আহূত দেশব্যাপী দাবীদিবস উপলক্ষে গত বৃহস্পতিবার নগরীতে বেসরকারী মাধ্যমিক শিক্ষক-শিক্ষিকা ও কর্মচারিগণের উদ্যোগে এক সমাবেশ ও বিক্ষোভ মিছিলের আয়োজন করা হয়। কেন্দ্রীয় শহীদ মিনার চত্বরে সংগঠনের সভাপতি কামরুজ্জামানের সভাপতিত্বে

(৪র্থ পৃ: দ্র:)

## শিক্ষক সমিতির

(৩য় পৃঃ পর)

অনুষ্ঠিত সমাবেশে বক্তৃতা করেন সমিতির সাধারণ সম্পাদিকা মিসেস হেনা দাস। সমাবেশের পর একটি বিক্ষোভ মিছিল শিক্ষা ভবনে গমন করিয়া কিছুক্ষণ অবস্থানের পর সচিবালয়ের দিকে অগ্রসর হইলে সচিবালয়ের পশ্চিম গেইটের কাছে পুলিশ গতিরোধ করে। অধ্যাপক কামরুজ্জামান ও হেনা দাসের নেতৃত্বে ৪ সদস্যের একটি প্রতিনিধিদল শিক্ষা মন্ত্রণালয়ে গিয়া মন্ত্রণালয়ে উপস্থিত মাধ্যমিক ও উচ্চ শিক্ষা পরিদপ্তরের মহাপরিচালকের নিকট স্মারকলিপিটি প্রদান করেন।

স্মারকলিপিতে উল্লিখিত ১৯ দফা দাবী-দাওয়ার মধ্যে রহিয়াছে: মেয়েদের অবৈতনিক শিক্ষা বাবদ পূর্ণ ভর্তুকি অবিলম্বে প্রদান, বার্ষিক বেতন বৃদ্ধিসহ বেসরকারী শিক্ষক কর্মচারীদের ১০০ ভাগ বেতন ভাতার দায়িত্ব সরকারকে গ্রহণ, সরকারী স্কুলের অনুরূপ আবাসিক ও মহার্ঘভাতাসহ সকল প্রকার ভাতা প্রদান, অভিজ্ঞ শিক্ষকদের অভিজ্ঞতার পূর্ণ মূল্যায়ন প্রভৃতি।

৪

29